4.11-4.13

# কাউন্সিলর কার্যালয়
## ওয়ার্ড নং-১২
### নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন


টেলিফোন নম্বর সমূহ

| | |
|---|---|
| মেয়র | - ৭৬৪৮৪৩০ (অফিস) |
| | ৭৬৪৮৩১১ (বাসা) |
| কাউন্সিলর | - ০১৭১১৫২৬৫৯২ |
| | ০১৬১১৫২৬৫৯২ |
| প্রধান নির্বাহী কর্মকর্তা | - ৭৬৪৫০২৩ (অফিস) |
| সচিব | - ৭৬৩৩৪২৩ (অফিস) |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - ৭৬৪৮৩৬৭ (অফিস) |
| নির্বাহী প্রকৌশলী | - ৭৬৪৮৫৯৬ (অফিস) |


সূত্রঃ-

তারিখঃ ১১/০৫/২০২৩খ্রি.।

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ১৭/০৫/২০২৩খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় সম্মানীত ১২ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মোঃ শওকত হাসেম
কাউন্সিলর-ওয়ার্ড নং ১২
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

(মোহাম্মদ শওকত হাসেম)
কাউন্সিলর, ওয়ার্ড নং-১২
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

আপনার শিশুকে টিকা দিন    আপনার শহর পরিচ্ছন্ন রাখুন    নিয়মিত কর পরিশোধ করুন


ই-মেইল : showkathashem@gmail.com
২৯ খানপুর ওয়েষ্ট রোড, ডনচেম্বার, নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ১২ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ শওকত হাসেম
কাউন্সিলর, ওয়ার্ড নং- ১২
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ১২

সভার তারিখ ঃ ১৭/০৫/২০২৩ খ্রি.

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়

সভার সভার স্থান ঃ ১২ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

## সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শওকত হাসেম কমিটির সদস্য সচিব জনাব মোঃ সিয়ামকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: নাগরিক চাহিদা নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| নাগরিক চাহিদা। | ১২ নং ওয়ার্ডে জামতলা বায়তুল মোসারফ জামে মসজিদ হইতে সোহাগের বাড়ী পর্যন্ত আর.সি.সি ড্রেন ও রাস্তা নির্মান। | ১২ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত বিষয় নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত বিষয় নিয়ে আলোচনা। | WLCC সদস্য জনাব সামাল সর্দার সভায় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে হতাশা প্রকাশ করেন এবং এই কার্যক্রমকে আরও গতিশীল কারার অনুরোধ জানান। এ বিষয়ে WLCC সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন সভাকে জানান যে, বর্তমানে বর্জ্য ব্যস্থাপনা অল্প পরিসরে বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু জালকুড়িতে সিটি কর্পোরেশন হতে একটি জায়গা নেওয়া হচ্ছে তা অধিকায়ন হলেই এই সমস্যার সমাধান হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | ১২ নং ওয়ার্ডে পরিচ্ছন্ন কর্মী বৃদ্ধি করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।। | পরিচ্ছন্ন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৪: কর আদায়ের অগ্রগতি।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি। | WLCC'র সদস্য জনাব মাহবুব হোসেন সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ২৮.৯৮% পৌরকর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশন সহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ ও WLCC-এনসিসি |

আলোচ্যসূচী-৫: বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | জনাব মোঃ মোস্তফা বলেন যে, ১২নং ওয়ার্ডে মাদকের উপদ্রব দিন দিন বেড়েই চলেছে। তিনি সভাকে মাদকের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। | ১২নং ওয়ার্ডে মাদক নিরোপনের জন্য সকল ওয়ার্ডবাসীকে স্ব-স্ব অবস্থান হতে সহযোগীতা করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | কাউন্সিলর ও WLCC'র সদস্য এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ শওকত হাসেম)
চেয়ারপার্সন, ১২নং WLCC
ও
কাউন্সিলর, ১২ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৭১১৫২৬৫৯২

# সংযোজনী-ক

## ১২ নং ওয়ার্ডের WLCC কমিটি'র সভায় সদস্যদের হাজিরা তালিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ শওকত হাসেম | চেয়ারপার্সন | [signature] |
| ০২ | জনাব মিনোয়ারা বেগম | কো-চেয়ারপার্সন | |
| ০৩ | জনাব মোঃ বাবু | সদস্য | বাবু ১৭/০৫/২৩ |
| ০৪ | জনাব মোঃ সম্রাট | সদস্য | Samrat 17/05/23 |
| ০৫ | জনাব মোঃ ইসমত হাসেম | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আব্দুল জলিল | সদস্য | আঃ জলিল |
| ০৭ | জনাব সামাল সর্দার | সদস্য | Samal 17/05/23 |
| ০৮ | জনাব মোঃ সাঈদ | সদস্য | Sayid 17/05/23 |
| ০৯ | জনাব ইসহাক সর্দার | সদস্য | |
| ১০ | জনাব মাহবুব হোসেন | সদস্য | [signature] ১৭.০৫.২৩ |

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ মোস্তফা | সদস্য | |
| ১২ | জনাব জাহিদ আহমদ | সদস্য | |
| ১৩ | জনাব ফারুক আহমেদ রিপন | সদস্য | |
| ১৪ | জনাব জহুরা বেগম | সদস্য | |
| ১৫ | জনাব মোসাঃ সখিনা | সদস্য | |
| ১৬ | জনাব মোঃ আজহারুল ইসলাম | সদস্য | |
| ১৭ | জনাব মোঃ শরীফ সুমন | সদস্য | |
| ১৮ | জনাব মোঃ সিয়াম হোসেন | সদস্য-সচিব | |